

আলাদিন

তোমাকে সদাব্যস্ত করে রাখি প্রদীপের জিন
এই বলি নোঙর তোলো, তো এই বলি
এ তরনী ভেড়াও তীরে
এই বলি অভিযান শু, ফের বলে ফেলি
আজ তবে শেষটা দেখাও
তবু তুমি হেসে ফ্যালো, দুইহাতে প্রাণপণ
ইন্দ্রজাল ছোঁড়ো
শিখাটি ছলকে ওঠে, দু'এক বালক তার
অন্ধ মেনে গড়িয়ে যায় নীচে
ওতেও কি রহস্য বাপ! নাছোড়বান্দা আলো--
কোচিং ফেরত পথে সারাগায়ে জলাঞ্জলি মাখে
স্নেহটাতে ভুলিয়ে ভালিয়ে ফের বোকা নাবিকের
মোটামুটি অনুকূলে রাখে।

শুভেন্দু পাল

